# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 19-03-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবর –

১) পশ্চিমবঙ্গে এস আই আর প্রক্রিয়ায় এডজুডিকেশনে থাকা ভোটারদের প্রথম অতিরিক্ত তালিকা বা সাপ্লিমেন্টারি লিস্ট আগামীকাল বের হতে পারে।

২) রাজ্য বিধানসভা নির্বাচনে বিজেপি এবং বামফ্রন্ট তাদের দ্বিতীয় দফার প্রার্থী তালিকা প্রকাশ করেছে।

৩) নির্বাচন কমিশনের নির্দেশে রাজ্যের অপসারিত জেলাশাসকদের নয়জনকে রাজ্য সরকার নতুন পদে নিয়োগ করেছে।

৪) রাজ্যে বিভিন্ন দলের প্রার্থী তালিকা প্রকাশ হওয়ার সঙ্গে সঙ্গে জোরকদমে শুরু হয়েছে প্রচারাভিযান।

৫) কলকাতা হাইকোর্ট, সন্দেশখালিকাণ্ডে সিবিআই-এর হাতে ধৃত শেখ শাহজাহান ও আলমগীরের জামিনের আবেদন খারিজ করে দিয়েছে ।

৬) রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী রবিবার পর্যন্ত ঝড়ো হাওয়া ও বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি এবং শিলাবৃষ্টির সম্ভাবনা রয়েছে।

---

পশ্চিমবঙ্গে এস আই আর প্রক্রিয়ায় এডজুডিকেশনে থাকা ভোটারদের নাম ঝাড়াই বাছাইয়ের পর প্রথম অতিরিক্ত তালিকা বা সাপ্লিমেন্টারী লিস্ট আগামীকাল বের হতে পারে।

অতিরিক্ত তালিকা প্রকাশের পর যে সমস্ত নাম বাদ যাচ্ছে তাদের পক্ষ থেকে কোথাও যাতে অশান্তি ছড়াতে না পারে সে দিকে নজর রাখার পাশাপাশি এস আই আরের কাজে নিযুক্ত বিচারক বা জুডিশিয়াল আধিকারিদের নিরাপত্তা সুনিশ্চিত করতেই আজ এক জরুরি বৈঠক ডাকেন প্রধান বিচারপতি সুজয় পাল।

এদিকে, এসআইআর-এর প্রথম অতিরিক্ত তালিকা প্রকাশের আগে মুখ্যসচিব দুষ্যন্ত নারিয়ালও, নির্বাচন কমিশনের সিইও মনোজ আগরওয়াল, কমিশনের বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্তের সঙ্গে বৈঠক করেন।

মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগারওয়ালও আর এক দফা বৈঠকে মিলিত হন। বিশেষ পুলিশ পর্যবেক্ষক N K মিশ্র, রাজ্য পুলিশের মহানির্দেশক সিদ্ধিনাথ গুপ্তা, ADG (আইন শৃঙ্খলা) অজয় রানাডে, রাজ্য পুলিশের নোডাল অফিসার আনন্দ কুমার, কলকাতার পুলিশ কমিশনার অজয় কুমার নন্দ প্রমুখ বৈঠকে যোগ দেন।

কোনো বৈঠক নিয়েই বিস্তারিত কিছু জানা যায়নি। তবে অতিরিক্ত তালিকা প্রকাশের আগে রাজ্যের আইন শৃঙ্খলা ও নিরাপত্তা রক্ষায় বিশেষ নজরদারির রাখার ব্যাপারে আলোচনা হয় বলে মনে করা হচ্ছে।

উল্লেখ্য, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনের পর গত ২৮ শে ফেব্রুয়ারী প্রকাশিত হয় চূড়ান্ত ভোটার তালিকা। তাতেই ৬০ লক্ষের অধিক নাম বিচারাধীন বা অ্যাজুডিকেশনের অধীন ছিল।

------------------

আসন্ন বিধানসভা নির্বাচনে প্রবীণ, প্রতিবন্ধী এবং কর্তব্যরত ভোটদাতাদের সুবিধার্থে নির্বাচন কমিশন, বিশেষ ব্যবস্থা নিয়েছে। কমিশনের নির্দেশিকা অনুযায়ী, ৮৫

বছরের বেশি বয়সী এবং ভোটার তালিকায় চিহ্নিত ভিন্ন ভাবে সক্ষম ভোটদাতারা ‘ফর্ম ১২ডি’-এর মাধ্যমে আবেদন করে বাড়িতে বসেই ভোট দিতে পারবেন। নির্দিষ্ট সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের কাছে আবেদন জমা দিতে হবে। তার ভিত্তিতে নির্ধারিত সূচি অনুযায়ী বাড়ি বাড়ি গিয়ে ভোট সংগ্রহ করবে কমিশনের দল।

এ ছাড়াও জরুরি পরিষেবায় যুক্ত কর্মীরাও পোস্টাল ব্যালটের সুবিধা পাবেন। অগ্নিনির্বাপক পরিষেবা, স্বাস্থ্য, বিদ্যুৎ, ট্রাফিক, অ্যাম্বুল্যান্স, বিমান পরিষেবা এবং দূরপাল্লার সরকারি পরিবহন পরিষেবার সঙ্গে যুক্ত কর্মীরা এই ব্যবস্থার আওতায় পড়বেন। নির্বাচনী দায়িত্বে থাকা কর্মীদের ক্ষেত্রেও এই সুবিধা প্রযোজ্য। তাঁরা নির্দিষ্ট কেন্দ্রে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিয়ে তা জমা করতে পারবেন।

-----------------

রাজ্য বিধানসভা নির্বাচনে বিজেপি তাদের দ্বিতীয় দফার প্রার্থী তালিকা প্রকাশ করেছে। ১১১ জনের এই তালিকায় উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে রয়েছেন, প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী নিশিথ প্রামাণিক। তিনি কোচবিহারের মাথাভাঙ্গা থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন। দুই প্রাক্তন সাংসদ - উত্তর ২৪ পরগণার নোয়াপাড়া থেকে অর্জুন সিং এবং পূর্ব মেদিনীপুরের এগরা থেকে দিব্যেন্দু অধিকারীকে প্রার্থী কর হয়েছে। এছাড়া বিধায়ক স্বপন মজুমদার, অশোক কীর্তনীয়া, সুব্রত ঠাকুর, নীলাদ্রি শেখর দানা প্রমূখও তালিকায় রয়েছেন। খড়গপুর সদর কেন্দ্রের প্রাক্তন সাংসদ দিলীপ ঘোষ প্রার্থী হিসেবে মনোনীত হওয়ায় সেখানকার বর্তমান বিধায়ক অভিনেতা হিরণ চট্টোপাধ্যায় প্রতিদ্বন্দ্বিতা করবেন হাওড়ার শ্যামপুর বিধানসভা কেন্দ্র থেকে। বেহালা পশ্চিম আসনের প্রার্থী হচ্ছেন দলের যুব মোর্চার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খান। জোড়াসাঁকো কেন্দ্রে লড়াই করবেন কাউন্সিলর বিজয় ওঝা। প্রাক্তন বিধায়ক তাপস রায়কে মানিকতলা কেন্দ্রে প্রার্থী প্রার্থী করা হয়েছে।

এছাড়া ব্যারাকপুরে কৌস্তভ বাগচী, রানাঘাট দক্ষিণে অসীম কুমার বিশ্বাস, সোনারপুর দক্ষিণে অভিনেত্রী রূপা গাঙ্গুলী, টালিগঞ্জে পাপিয়া অধিকারী এবং যাদবপুরে

সর্বরী মুখার্জী, এন্টালিতে প্রিয়াঙ্কা টিবরেওয়াল প্রমুখ প্রতিদ্বন্দ্বিতা করবেন। হিঙ্গলগঞ্জে বিজেপির হয়ে দাঁড়িয়েছেন রেখা পাত্র।

প্রাক্তন হকি খেলোয়াড় ভরত ছেত্রীকে কালিম্পং আসনে ও নোমান রাইকে দার্জিলিং-এ প্রার্থী করা হচ্ছে।

প্রথম তালিকায় দক্ষিণ ২৪ পরগণার বিষ্ণুপুর সংরক্ষিত আসনের প্রার্থী বদল করে বিশ্বজিত্ খাঁ-কে সেখানে মনোনীত করা হয়েছে।

অন্যদিকে পুরুলিয়ার জয়পুরে বিজেপি সমর্থিত প্রার্থী হিসাবে বিশ্বজিত্ মাহাতোর নামও ঘোষণা করা হয়েছে।

পরে এক সাংবাদিক বৈঠকে বিজেপির প্রধান রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার বলেন, এপর্যন্ত ২৫৬ জন প্রার্থীর তালিকা ঘোষণা করা হয়েছে। চিকিৎসক, আইনজীবী, চলচ্চিত্র শিল্পী সহ সমাজের সর্বস্তরের মানুষ স্থান পেয়েছেন এই তালিকায়।

বাইট

উল্লেখ্য বিজেপি প্রথম দফায় ১৪৪ জন প্রার্থীর নামের তালিকা প্রকাশ করে।

-----------------

রাজ্যে আসন্ন বিধানসভার নির্বাচনে বামফ্রন্ট আজ রাজ্যে তাদের দ্বিতীয় দফায় ৩২ জনের প্রার্থী তালিকা প্রকাশ করেছে। ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসুর শারীরিক অসুস্থতার কারণে প্রবীণ আরসিপিআই নেতা মিহির বাইন কলকাতায় এক সাংবাদিক বৈঠকে এই প্রার্থী তালিকা ঘোষণা করেন।

বাইট

আজকের তালিকায় রয়েছেন ৩ জন মহিলা প্রার্থী। বামফ্রন্টের শরিক দলগুলির মধ্যে সিপিআই ৩, RSP ১ এবং সিপিআইএম ২৮ টি আসনে প্রার্থী দিয়েছে। উল্লেখ্যযোগ্য প্রার্থীদের মধ্যে রয়েছেন ভবানীপুরে আইনজীবী শ্রীজিব বিশ্বাস, টালিগঞ্জে

অধ্যাপক পার্থ প্রতিম বিশ্বাস, বালিগঞ্জে আফরিন বেগম, মেটিয়াবুরুজে আইনজীবী মনিরুল ইসলাম, জয়নগরে অপূর্ব প্রামানিক, নয়াগ্রামে ডক্টর পুলিন বিহারী বাস্কে প্রমুখ।

উপস্থিত ছিলেন সিপিআইএম এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, সিপিআই এর স্বপন বন্দ্যোপাধ্যায়।

-----------------

ভারতীয় রাষ্ট্রীয় ফরওয়ার্ড ব্লক এবারের বিধানসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবে। কলকাতা প্রেস ক্লাবে আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাষ্ট্রীয় সংগঠন সম্পাদক (National Organising Secretary) S P তেওয়ারি বলেন, ২৮ টি বিধানসভা কেন্দ্রে ভারতীয় রাষ্ট্রীয় ফরওয়ার্ড ব্লকের প্রার্থীরা প্রতিদ্বন্দ্বিতা করবে।

-----------------

প্রবীণ কংগ্রেস নেতা, বহরমপুর লোকসভা কেন্দ্রের প্রাক্তন পাঁচবারের সাংসদ অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, তার দল চাইলে তিনি বিধানসভা ভোটে লড়তে রাজি আছেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অধীর বাবু বলেন, তিনি বহরমপুরের মানুষ। বাইরে থেকে আসা কেউ নন। তার দল যে নির্দেশ, সিদ্ধান্ত নেবে তিনি সেই সিদ্ধান্ত মেনে নেবেন।

বাইট

এদিকে, নির্বাচনের আগে এসআইআর প্রক্রিয়া শেষ করা নির্বাচন কমিশনের দায়িত্ব বলেও মন্তব্য করেন প্রবীণ কংগ্রেস নেতা,। রাজ্যে SIR কে কেন্দ্র করে মানুষের মধ্যে যে সমস্যা তৈরি হয়েছে সেজন্য নির্বাচন কমিশন ও রাজ্য প্রশাসন উভয়কেই সমানভাবে দায়ী করেন অধীর বাবু।

-----------------

তৃণমূল কংগ্রেসের প্রাক্তন বিধায়ক আরাবুল ইসলাম আজ ISF এ যোগদান করেছে। সম্প্রতি তিনি দল ছাড়ার কথা ঘোষণা করেন।

-----------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'ঋতু পরিবর্তনের সন্ধিক্ষণে স্বাস্থ্য সচেতনতা' । এই নিয়ে বিশিষ্ট জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডাক্তার কাজল কৃষ্ণ বণিকের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ( ১৯/০৩/২৬) রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

-----------------

নির্বাচন কমিশনের নির্দেশে রাজ্যের অপসারিত জেলাশাসকদের নয়জনকে রাজ্য সরকার নতুন পদে নিয়োগ করেছে। একই সঙ্গে কলকাতার দুই অপসারিত জেলা নির্বাচনী আধিকারিকেও নতুন পদে নিয়োগ করা হয়েছে। অবিলম্বে তাঁদের নতুন পদে দায়িত্ব নিতে হবে বলে কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তরের এক নির্দেশিকায় জানানো হয়েছে।

দক্ষিণ ২৪ পরগনার অপসারিত জেলাশাসক অরবিন্দ কুমার মীনাকে রাজ্যের সংখ্যালঘু বিষয়ক দফতরের সচিব করা হয়েছে। পূর্ব বর্ধমানের অপসারিত জেলাশাসক পদে ছিলেন আয়েশা রানি। তাঁকে পুর ও নগরোন্নয়ন দফতরের সচিব করা হয়েছে। মুর্শিদাবাদের অপসারিত জেলাশাসক সুরেন্দ্র কুমার মীনা হচ্ছেন রাজ্যের কৃষি দফতরের বিশেষ সচিব। নদিয়ার অপসারিত জেলাশাসক নিখিল নির্মল স্কুল শিক্ষা দফতরের বিশেষ সচিবের দায়িত্ব পেয়েছেন। মালদহের অপসারিত জেলাশাসক প্রীতি গয়ালকে স্বাস্থ্য দফতরের বিশেষ সচিব পদে নিযুক্ত করা হয়েছে। উত্তর ২৪ পরগনার জেলাশাসক সিয়াদ এন-কে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতরের বিশেষ সচিব করে পাঠানো হয়েছে । আলিপুরদুয়ারের অপসারিত জেলাশাসক অভিজিৎ তুকারাম পশুসম্পদ

দফতরের বিশেষ সচিব হচ্ছেন। কোচবিহারের অপসারিত জেলাশাসক রাজু মিশ্র পাচ্ছেন পরিবহণ দফতরের বিশেষ সচিবের দায়িত্ব। জলপাইগুড়ির অপসারিত জেলাশাসক রবিপ্রকাশ মীনা গণশিক্ষা বিভাগের বিশেষ সচিবের দায়িত্ব পেয়েছেন।

কলকাতা উত্তরের অপসারিত জেলা নির্বাচনী আধিকারিক অংশুল গুপ্তকে পুর ও নগোরন্নয়ন দফতরের বিশেষ সচিব করে পাঠানো হয়েছে। কলকাতা দক্ষিনের অপসারিত ডিইও সুমিত গুপ্তকে বিপর্যয় মোকাবিলা দফতরের সচিবের দায়িত্ব দেওয়া হয়েছে।

-----------------

রাজ্যের শীর্ষ আমলাদের একতরফা বদলির সিদ্ধান্তে অভিযোগ জানিয়ে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে আবারও চিঠি লিখেছেন। এই সময়ে শীর্ষ আধিকারিকদের সরিয়ে দিলে প্রাকৃতিক বিপর্যয় সামলাতে বড় সমস্যা তৈরি হতে পারে বলে কমিশনকে দেওয়া অষ্টম চিঠিতে তিনি সতর্ক করে দিয়েছেন।

-----------------

রাজ্যে বিভিন্ন দলের প্রার্থী তালিকা প্রকাশ হওয়ার সঙ্গে সঙ্গে জোরকদমে শুরু হয়েছে প্রচারাভিযান। কলকাতায় সবচেয়ে নজরকাড়া কেন্দ্র ভবানীপুরে আজ সকালে যান বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারী। কর্মী সমর্থকদের নিয়ে ঢাকঢোল বাজিয়ে বেশ কিছুক্ষণ জন সংযোগ সারেন তিনি। সাংবাদিকদের কাছে শ্রী অধিকারী ভোটে বিপুল ব্যবধানে জেতার ব্যাপারে প্রত্যয় ব্যক্ত করেন।

বাইট

অন্যদিকে, ঐ কেন্দ্রেই শাসকদলের পক্ষ থেকে প্রার্থী মমতা ব্যানার্জীর নামে সকাল থেকেই শুরু হয়ে দেওয়াল লিখন। দলীয় কর্মীরা মানুষের কাছে গিয়ে প্রচার চালাচ্ছেন।

এদিকে ২ পক্ষের প্রচার চলাকালীন উভয়পক্ষের স্লোগান ও পাল্টা স্লোগানে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। এর প্রতিবাদে বিরোধী দলনেতা ভবানীপুর থানায় গিয়ে অভিযোগ জানান।

বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য ভবানীপুরে ভোটের প্রচার করার সময় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে ঘিরে বিক্ষোভের অভিযোগের কড়া সমালোচনা করেছেন।

------------------

কলকাতা হাইকোর্ট, সন্দেশখালি কাণ্ডে সিবিআই এর হাতে ধৃত শেখ শাহজাহান ও আলমগীরের জামিনের আবেদন খারিজ করে দিয়েছে ।

শাহজাহানের আইনজীবী আদালতে জানান, জামিন মামলার শুনানির সময় সাক্ষীর সংখ্যা ৮৬ থেকে বেড়ে দাঁড়িয়েছে প্রায় ২০০ । এছাড়াও যার বয়ানের ভিত্তিতে শেখ শাহজাহানকে অভিযুক্ত করা হয়েছে, সেই মাজেদা বিবিকে অভিযুক্ত করে চার্জশিট দিয়েছে সিবিআই। এর প্রেক্ষিতেই বিচারপতি শুভ্রা ঘোষ তাঁর নির্দেশে জানিয়েছেন, নতুন করে পাওয়া তথ্যের ওপর ভিত্তি করে কলকাতা হাইকোর্টে ফের জামিনের আবেদন করতে হবে।

------------------

অনুকূল পরিস্থিতি এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প প্রবেশের কারণে রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী রবিবার পর্যন্ত ঝড়ো হাওয়া ও বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি এবং শিলাবৃষ্টির সম্ভাবনা রয়েছে। আজ বাঁকুড়া বীরভূম, পূর্ব ও পশ্চিম বর্ধমান এবং হুগলি জেলায় রয়েছে দমকা হাওয়া ও বৃষ্টির সম্ভাবনা। আগামীকাল বাতাসের গতিবেগ আরও বাড়তে পারে এবং কালবৈশাখীর সম্ভাবনা আছে বলে আলিপুর

আবহাওয়া দপ্তরের অধিকর্তা বিজ্ঞানী ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণী কে জানিয়েছেন।

----------------- -----------------